

বিশ্ববিদ্যালয়ের স্থান বদলের দাবিতে মানববন্ধন

নিজস্ব প্রতিবেদক, কুড়িগ্রাম

২৩ মে ২০২৬, ১২:০০ এএম



কুড়িগ্রামে কৃষি বিশ্ববিদ্যালয়ের স্থান পরিবর্তনের অপতৎপরতার প্রতিবাদে মানববন্ধন করেছেন ধরলা ব্রিজ পূর্ব পারের আরাজি মৌজার বাসিন্দারা। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, ধরলা ব্রিজ পূর্বপারের আরাজি মৌজায় বিশ্ববিদ্যালয় স্থাপন করা হলে শত শত বসতবাড়ি, হাজার হাজার মানুষের আবাসন ও বিস্তীর্ণ ফসলি জমি ক্ষতিগ্রস্ত হবে।

শুক্রবার সকাল ১০টায় ধরলা ব্রিজ পূর্বপার এলাকায় কুড়িগ্রাম-ভুরুঙ্গামারী সড়কের দুই পাশে দাঁড়িয়ে ঘণ্টাব্যাপী এ মানববন্ধন কর্মসূচি পালন করেন এলাকার সর্বস্তরের মানুষ।

মানববন্ধনে বক্তব্য দেন^N আব্দুল কাদের জিলানী, ডা. শাহানুর রহমান, জাহিদ হাসান, আলমগীর হোসেনসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তির। বক্তারা বলেন, শত বছরের পুরনো বসতি ও কৃষকদের বেঁচে থাকার একমাত্র অবলম্বন দুই ফসলি জমি ধ্বংস করে কৃষি বিশ্ববিদ্যালয় নির্মাণ কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।

তারা কুড়িগ্রামে কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের বিরোধিতা করেন না।

তাদের দাবি , এমন স্থানে বিশ্ববিদ্যালয় নির্মাণ করা হোক যেখানে অনাবাদি ও পতিত জমি রয়েছে এবং সাধারণ মানুষের বাড়ি-ঘর, বসতভিটা উচ্ছেদ হবে না।

তারা আরও বলেন, আরাজি ভোগডাঙ্গা মৌজার অধিকাংশ জমির এসএ, সিএস ও আরএস রেকর্ড রয়েছে।

তবে সামান্য কিছু জমির আরএস রেকর্ড না থাকলেও সেগুলোর মালিকানা নিয়ে আদালতে মামলা চলমান রয়েছে। বক্তাদের দাবি, নদীভাঙনে বারবার ক্ষতিগ্রস্ত হওয়ায় অনেকের পূর্বপুরুষ সে সময় আরএস রেকর্ড সম্পন্ন করতে পারেননি। পরবর্তীতে তারা আইনি প্রক্রিয়ায় রেকর্ড সংশোধনের উদ্যোগ নেন। মানববন্ধনে আব্দুল কাদের জিলানী বলেন, আমাদের পূর্বপুরুষরা নদীভাঙনের সঙ্গে লড়াই করে এই ভিটেমাটি টিকিয়ে রেখেছেন। তাই জীবিকার শেষ সম্বল ফসলি জমি ও বসতভিটা রক্ষায় আমরা আন্দোলন চালিয়ে যাব। কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় পূর্বনির্ধারিত জায়গা নালীয়ার দোলায় স্থাপনের দাবি করেন।